

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-২ অধিশাখা।
www.lgd.gov.bd

স্মারক নং ৪৬.০৪৯.০০২.০২.০০.২১৭.২০১১- ৫৬৪

তারিখ : ২০/১১/১৬ ই

বিষয় : রামগতি পৌরসভা কার্যালয়ের ২০১১-২০১৫ অর্থ-বছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসংগে।

সূত্র : (ক) রামগতি পৌরসভা স্মারক নং-২০৫, তারিখ-১৫/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রামগতি পৌরসভা কার্যালয়ের ২০১১-২০১৫ অর্থ বছরের জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক বিবেচিত হয়নি। জবাব পর্যালোচনান্তে দেখা যায় যে, অনুচ্ছেদ ১ ও ৩ এর আংশিক অর্থ সরকারি কোষাগারে জমা করা হয়েছে এবং অনুচ্ছেদ ২ এর অর্থ অদ্যাবধি সরকারি কোষাগারে জমা করা হয়নি। যে সকল অর্থ সরকারি কোষাগারে জমা করা হয়েছে তার সমর্থনে সিটিআর প্রেরণ করা হয়নি।

এমতাবস্থায়, আপত্তিকৃত সমুদয় অর্থ আদায়পূর্বক সংশ্লিষ্ট তহবিলে জমা করে ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা অনুসরণ করে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

ছক

আপত্তির সন ও অনুঃ নং	অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ	স্থানীয় অফিসের জবাব	নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/মন্ত্রণালয়ের মন্তব্য
১	২	৩	৪

সংযুক্ত : বর্ণনামতে।

অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২ সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর/আইবাস দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণ উল্লেখ করতে হবে।
- ৪ নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

মেয়র
রামগতি পৌরসভা
লক্ষ্মীপুর।

মুহুর
২০/১১/১৬
(মোঃ এরশাদুল হক)
উপসচিব
ফোন-৯৫৪০৩২৬।

অনুলিপি কার্যার্থে ও জ্ঞাতার্থেঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। যুগ্ম সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (পৌরসভার জবাবের কপি সংযুক্ত)।
- ৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষ্মীপুর।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। সংরক্ষণ নথি।